গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা
lwc.gaibandhasadar.gaibandha.gov.bd

## শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহনে অনুষ্ঠিত অভ্যন্তরীন সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইউসুফ মিয়া<br>সহকারী পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া ও আয়ন ব্যয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা |
| সভার তারিখ | **০৬/০৫/২০২৬ খ্রি:** |
| সভার সময় | **বেলা ০৩.০০ ঘটিকা** |
| স্থান | **শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার সম্মেলন কক্ষ** |
| উপস্থিতি | **শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ** |

সভার প্রারম্ভে সভাপতি শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। সভায় সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানানো হয়। অত:পর দপ্তরের কার্যক্রমের বিষয়ে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | জনবল | ০৬/০৫/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধায় চিকিৎসা কর্মকর্তা এবং জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা নিয়োগের বিষয়ে আলোচনা হয়। | শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ে যোগাযোগ অব্যাহত রাখা এবং চিকিৎসা কর্মকর্তা নিয়োগের জন্য আবেদন প্রেরণ করতে হবে। |
| ০২ | প্রশিক্ষণ | ২০২৫-২৬ অর্থবছরে শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা কর্তৃক ৯৭ জন পুরুষ ও ৭৮ জন মহিলাসহ মোট ১৭৫ জন শ্রমিককে শ্রম আইন বিষয়ক শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ অর্থছরে ৫ টি শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ৫ টি প্রশিক্ষণ কোর্সই সফলভাবে সম্পন্ন হয়েছে। | আরোও ২ টি শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স বৃদ্ধির বিষয়ে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে। |
| ০৩ | নিরাপত্তা | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে স্ব স্ব অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা হতে প্রাপ্ত পত্রের ভিত্তিতে দপ্তরের সার্বিক নিরাপত্তা জোরদার করণের জন্য অত্র দপ্তরের বাহিরে এবং অভ্যন্তরে ৫ টি সি সি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এছাড়াও চুরি বা অন্য কোন অনাকাঙ্খিত ঘটনা এড়াতে দপ্তরের নিরাপত্তা প্রহরীকে সঠিকভাবে দায়িত্ব পালনসহ অধিকতর সতর্ক থাকার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তরের সার্বিক নিরাপত্তা জোরদার করতে হবে এবং আরোও ৫টি সি সি ক্যামেরা স্থাপন করতে হবে; যা ২০২৬-২৭ অর্থবছরে বাস্তবায়ন করতে হবে। |
| ০৪ | চিত্তবিনোদন | ২০২৫-২৬ অর্থবছরের এপিল/২৬ ইং পর্যন্ত শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা কর্তৃক ১৭২০ জন পুরুষ ও ১২৪২ জন মহিলাসহ মোট ২৯৬২ জন শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যদের চিত্তবিনোদন সেবা প্রদান করা হয়েছে। সেইসাথে চিত্তবিনোদন সেবা আরোও বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। | চিত্তবিনোদন সেবা আরোও জোরদার করতে হবে। |
| ০৫ | পরিস্কার পরিচ্ছন্নতা | অত্র দপ্তরের ভিতরে ও বাইরে সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সকল কর্মকর্তা/কর্মচারীকে সচেষ্ট থাকতে হবে। প্রয়োজনের তিন মাসে একবার পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান যেতে পারে। | দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সচেতনতা অবলম্বন করতে হবে। |
| ০৬ | নিয়মিত উপস্থিতি | দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান এবং কর্মস্থল ত্যাগ করার ক্ষেত্রে দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে। এক্ষেত্রে সকলকে **সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯** যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিত যথাসময়ে কর্মস্থলে উপস্থিত ও কর্মস্থল ত্যাগ করতে হবে । |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | জমি সংক্রান্ত | শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার ১.৬৯ একর (এক একর উনসত্তর শতক) জমি আছে। জমিটি শ্রম পরিচালক এর নামে নামজারি করা আছে। নামজারির তারিখ: ০৩/০৫/১৯৯৫ ইং। অত্র কেন্দ্রের মোট জমির পরিমান ১.৬৯ (এক একর উনসত্তর) শতক কিন্ত বাউন্ডারি ওয়ালের ভিতরে ১.১৯ (এক একর উনিশ) শতক জমি দখলে আছে এবং ১.১৯ (এক একর উনিশ) শতক জমি রেকর্ড করা আছে। ১.৬৯ (এক একর উনসত্তর) শতক জমির খাজনা ২০২৫-২০২৬ অর্থবছর পর্যন্ত পরিশোধ। জমি সংক্রান্ত মামলা চলমান। মামলা নম্বর: ১৬৯/০৬। যা সভায় অত্র দপ্তরের অফিস সহকারী জনাব মো: মাসুম মিয়া অবহিত করেন।<br><br>দপ্তরের বেদখলকৃত জমি উদ্ধারে নিমিত্তে আর.এস খতিয়ানের চূড়ান্ত গেজেটেড কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র উত্তলন করে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালে মামলা দায়ের করার ব্যাপারে আলোচনা হয়। | সকল কাগজপত্র উত্তলনের জন্য উপজেলা সেটেলমেন্ট অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধার রেকর্ড শাখায় যোগাযোগ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি উত্তলন করার জন্য অত্র দপ্তরের শ্রম কল্যাণ সংগঠক জনাব মো: নাছির উদ্দিন এবং অফিস সহকারী জনাব মো: মাসুম মিয়াকে দায়িত্ব প্রদান করা হলো। |
| ০৮ | বিবিধ | দপ্তরের কর্মচারীদের দাপ্তরিক কাজে অভিজ্ঞাতা অর্জনের জন্য আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ হতে প্রশিক্ষণ গ্রহনের জন্য উদ্যোগ গ্রহন করতে হবে। ডি-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। এছাড়া দপ্তরের আরোও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।<br>আগামী মে/২৬ ইং তারিখের মধ্যে দপ্তরের সকল রেজিস্টার হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রশিক্ষণের গ্রহনের জন্য আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র সমূহের সাথে যোগাযোগ রাখতে হবে এবং সকল রেজিষ্টার হালনাগাদ করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭-০৫-২০২৬
মোহাম্মদ ইউসুফ মিয়া
সহকারী পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), শ্রম
কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা
ইমেইল : lwc.gaibandha@gmail.com

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ মে ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪০.০২.০০০০.০০০.৪২১.০৬.০০০১.২৩.৯০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা-১০০০।
২। সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, শ্রম অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। অফিস সহকারী, বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪। অফিস সহকারী, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া [উপপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫। অফিস কপি, অত্র দপ্তর।

০৭-০৫-২০২৬
মোহাম্মদ ইউসুফ মিয়া
সহকারী পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া
ও আয়ন ব্যয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), শ্রম
কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা